

৪০

শিখার

সন্দেহমূলক অভিযোগ থেকে রাবির সাবেক ভিসিসহ ৩ শিক্ষককে অব্যাহতি, মূল মামলা বহাল

স্টাফ রিপোর্টার, রাজশাহী : সন্দেহমূলক জরুরী
বিধিমালা (১৬/২ ধারা) অভিযোগ থেকে রাজশাহী
বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য প্রফেসর ড. সাইদুর
রহমান খানসহ তিন শিক্ষকদের অব্যাহতি দিয়েছে
রাজশাহী মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালত। রবিবার
বিচারক সৈয়দ রবিউল আলম শিক্ষকসে অব্যাহতির
এ আদেশ দেন। অব্যাহতিপ্রাপ্ত অপর শিক্ষকরা হলেন
বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট সদস্য ও প্রগতিশীল শিক্ষক
সমাজের আহ্বায়ক প্রফেসর ড. আবদুস সোবহান
এবং ব্যবস্থাপনা বিভাগের সহযোগী অধ্যাপক ও
(১১-পৃষ্ঠা ৩-এর কঃ দেখুন)

সন্দেহমূলক অভিযোগ

(প্রথম পাতার পর)

বিশিষ্ট সাংস্কৃতিক ব্যক্তিত্ব মলয় কুমার

ভৌমিক।

তিন শিক্ষকের আইনজীবী হামিদুল হক জানান, এই তিন
শিক্ষকের বিরুদ্ধে জরুরী বিধিমালা (১৬/২) (১), ৪ (৩) ও ৮
(২) ধারায় নিয়মিত মামলা রাজশাহীর আইনশুল্ক
বিয়্যকারী অপরাধ (দ্রুত বিচার) ও মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট
আদালতে বিচারাধীন রয়েছে। তাই মেট্রোপলিটন
ম্যাজিস্ট্রেট সৈয়দ রবিউল আলম জরুরী বিধিমালা (১৬/২)
ধারায় সন্দেহমূলক অভিযোগ থেকে তিন শিক্ষককে
অব্যাহতি দেন। এছাড়া একই অভিযুক্তদের বিরুদ্ধে একই
অভিযোগে পৃথক আদালতে মামলা চলতে পারে না বলে
আইনজীবীরা জানান।